# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮৯

৫. হজ্জ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৩০. মুহরিম অবস্থায় মৃত্যুবরণ করলে তার জন্য করণীয়

بَاب فِي الْمُحْرِمِ إِذَا مَاتَ مَا يُصْنَعُ بِهِ

## আরবী

أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادٌ هُوَ ابْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ بَيْنَا رَجُلٌ وَاقِفٌ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِعَرَفَةَ فَوَقَعَ عَنْ رَاحِلَتِهِ أَوْ قَالَ فَأَقْعَصَتْهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اغْسِلُوهُ بِمَاءٍ وَسِدْرٍ وَكَفِّنُوهُ فِي ثَوْبَيْنِ وَلَا تُحَنِّطُوهُ وَلَا تُخَمِّرُوا رَأْسَهُ فَإِنَّ اللَّهَ تَعَالَى يَبْعَثُهُ يَوْمَ الْقِيَامَةِ مُلَبِّيًا

## বাংলা

১৮৮৯. আবদুল্লাহ্ ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি আরাফাতে দণ্ডায়মান অবস্থায় হঠাৎ তার উট্‌নী থেকে পড়ে যায়- অথবা রাবী বলেছেন, এটি তাঁর ঘাড় মটকিয়ে দিল (এতে সে মারা গেল)। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ “তোমরা তাকে বরই পাতাসহ পানি দিয়ে গোসল করাও এবং দু’ কাপড়ে তাঁকে কাফন দাও; আর তাকে সুগন্ধি লাগাবে না এবং তার মাথা ঢাকবে না। কেননা, আল্লাহ তা’আলা তাকে কিয়ামতের দিন তাল্‌বিয়া পাঠরত অবস্থায় উত্থিত করবেন।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, জানাইয ১২৬৫; মুসলিম, হাজ্জ ১২০৬।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৩৩৭, ২৪৭৩; সহীহ ইবনু হিব্বান নং ৩৯৫৭, ৩৯৫৮, ৩৯৫৯; মুসনাদুল হুমাইদী নং ৪৭১, ৪৭২ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82172

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন